

মাদ্রাসা শিক্ষিতদের বিসিএস

**পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ
দানের বিষয় বিবেচনা করুন**

সংসদ রিপোর্টার ই. মাদ্রাসা শিক্ষিত
শিক্ষিতদের বিসিএস পরীক্ষায়
অংশগ্রহণের সুযোগ দেয়ার বিষয়টি
বিবেচনা করা বাংলাদেশ সরকারী
কর্তৃকমিশন সরকারের দৃষ্টি আকর্ষণ
করেছে।

গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদে
উপস্থাপিত সিএসসির বার্ষিক রিপোর্টে
এ ব্যাপারে দৃষ্টি-আকর্ষণ করে বলা হয়।
আলিম, ও ফাজিল ডিগ্রীকে এসএসসি ও
এইচএসসির সমমান গণ্য করা হলেও
ফাজিল ও কামিল ডিগ্রীধারীদের
বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোন ডিগ্রীর
সমমানের বলে সরকার কর্তৃক ঘোষিত
নয়। ফলে মাদ্রাসা শিক্ষিতরা
বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে
পারে না।

রিপোর্টে উল্লেখ করা হয় যে, ফাজিল
বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীর সমতুল্য কিনা তা
বিবেচনা করে সুপারিশ প্রদানের জন্য
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কমিটি গঠন
করেছিল। ফাজিলের সিলেবাসকে
ডিগ্রীর সমতুল্য করে আপডেট করার
জন্য একটি সুপারিশও করা হয়েছিল।